গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৮০.০০১.১৮.১৩৮

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৫
০৬ মার্চ ২০১৯

বিষয়: **জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৯ প্রতিযোগিতার সময়সূচি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৯ প্রতিযোগিতার সময়সূচি নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে :

## জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৯ প্রতিযোগিতার সময়সূচি:

| ক্রমিক নং | পর্যায় | প্রতিযোগিতার সময়সূচি |
|---|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে | ১২/০৩/২০১৯ থেকে ১৮/০৩/২০১৯ |
| ২. | উপজেলা/ঢাকা মহানগরীসহ ২৫টি থানা পর্যায়ে | ২০/০৩/২০১৯ থেকে ২১/০৩/২০১৯ |
| ৩. | জেলা পর্যায়ে | ২৪/০৩/২০১৯ থেকে ২৫/০৩/২০১৯ |
| ৪. | বিভাগ ও ঢাকা মহানগর পর্যায়ে | ৩০/০৩/২০১৯ থেকে ৩১/০৩/২০১৯ |
| ৫. | জাতীয় পর্যায়ে | ১২/০৫/২০১৯ থেকে ১৩/০৫/২০১৯ |

০২। এমতাবস্থায়, বর্ণিত সময়সূচি অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬-৩-২০১৯
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৮৫৫১
ইমেইল: as.admin2@moedu.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (বর্ণিত সময়সূচি তাঁর সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়সহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
৬) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধনি সংস্থাসমূহ
৭) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৮) জেলা প্রশাসক,...................................... (সকল)।
৯) যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
১৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
১৫) উপসচিব/উপপ্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬) চেয়ারম্যান,
ঢাকা।/রাজশাহী।/কুমিল্লা।/যশোর।/চট্টগ্রাম।/সিলেট।/বরিশাল।/দিনাজপুর।/ময়মনসিংহ।
[নীতিমালাটি তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ ও বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ]
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ নীতিমালাটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

# জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে আবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২.০ এ নীতিমালা **"জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা"** নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** নিম্নবর্ণিত প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শ্রেণি-শিক্ষক এবং শিক্ষার্থীগণকে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদানই সরকারের লক্ষ্য।

৩.১ কলেজ, মাধ্যমিক স্কুল, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিটি প্রতিষ্ঠান থেকে প্রতি গ্রুপে প্রতি বিষয়ে ১জন করে শ্রেষ্ঠ ছাত্র-ছাত্রীকে উপজেলা পর্যায়ে পাঠাতে হবে। প্রতিযোগিতার বিষয়সমূহ হচ্ছে :

৩.১.১ কেরাত
৩.১.২ হামদ্/নাত
৩.১.৩ বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৩.১.৪ বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)
৩.১.৫ বিতর্ক প্রতিযোগিতা (একক)
৩.১.৬ দেশাত্মবোধক গান

৩.১.৭ রবীন্দ্র সঙ্গীত
৩.১.৮ নজরুল সঙ্গীত
৩.১.৯ উচ্চাঙ্গ সঙ্গীত
৩.১.১০ লোক সঙ্গীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
৩.১.১১ জারীগান (দলভিত্তিক)
৩.১.১২ তাৎক্ষণিক অভিনয়
৩.১.১৩ নৃত্য (উচ্চাঙ্গ)
৩.১.১৪ লোক নৃত্য।

**গ্রুপসমূহ :** ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি "ক" গ্রুপ, ৯ম থেকে ১০ম শ্রেণি "খ" গ্রুপ, ১১শ- ১২শ "গ" গ্রুপ, এবং ১৩শ-১৭ শ"ঘ" গ্রুপ। উপজেলা পর্যায়ে বিজয়ীরা জেলায়; জেলা পর্যায়ে বিজয়ীরা অঞ্চলে, অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী ৩.১.১-৩.১.১৪ ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করা হবে।

৩.২ প্রতিটি প্রতিষ্ঠান থেকে ১ জন শ্রেষ্ঠ স্কাউট, ১ জন শ্রেষ্ঠ গার্ল গাইড, ১ জন শ্রেষ্ঠ রোভার, ১ জন শ্রেষ্ঠ রেঞ্জার, ১ জন শ্রেষ্ঠ বি.এন.সি.সি. ১টি শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, ১ টি শ্রেষ্ঠ গার্ল গাইড গ্রুপ, ১টি শ্রেষ্ঠ রোভার গ্রুপ, ১টি শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, ১টি শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ, ১ জন শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ গার্ল গাইড শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ রোভার শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ

রেঞ্জার শিক্ষক, ১ জন শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক নির্বাচন করে উপজেলা পর্যায়ে পাঠাতে হবে। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলা; জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

৩.২.১ ১ জন শ্রেষ্ঠ স্কাউট
৩.২.২ ১ জন শ্রেষ্ঠ গার্ল গাইড
৩.২.৩ ১ জন শ্রেষ্ঠ রোভার
৩.২.৪ ১ জন শ্রেষ্ঠ রেঞ্জার
৩.২.৫ ১ জন শ্রেষ্ঠ বি.এন.সি.সি
৩.২.৬ শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ
৩.২.৭ শ্রেষ্ঠ গার্ল গাইড গ্রুপ
৩.২.৮ শ্রেষ্ঠ রোভার গ্রুপ
৩.২.৯ শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ
৩.২.১০ শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ
৩.২.১১ শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক
৩.২.১২ শ্রেষ্ঠ গার্ল গাইড শিক্ষক
৩.২.১৩ শ্রেষ্ঠ রোভার শিক্ষক
৩.২.১৪ শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক
৩.২.১৫ শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক

৩.৩ প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে ১ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী ও ১ জন শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও শিক্ষকবৃন্দের তত্ত্বাবধানে শ্রেষ্ঠ শিক্ষার্থী ও শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন কার্য সম্পাদন করতে হবে। তাছাড়া উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠানপ্রধান ও শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষাপ্রতিষ্ঠানের তথ্য (জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) এবং প্রতিষ্ঠান থেকে সকল বিষয়ের প্রতিযোগিতা ও নিবার্চন সম্পন্ন করে বিজয়ী ও শ্রেষ্ঠদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব এলাকার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে পৌঁছাতে হবে।

৩.৩.১. ১ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী
৩.৩.২. ১ জন শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক
৩.৩.৩ ১ জন শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান
৩.৩.৪ ১টি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান

৩.৪ জেলা পর্যায়ে ০১ জন শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তার নামসহ প্রয়োজনীয় ডকুমেন্ট আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। বিভাগীয় পর্যায়ে একজন শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তার নামসহ প্রয়োজনীয় ডকুমেন্ট জাতীয় পর্যায়ে প্রেরণ করতে হবে।

৩.৪.১ ০১ জন শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৩.৪.২ ০১ জন শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা

৪.০ মহানগীর পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল তথ্য সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করবেন। শুধু ঢাকা মহানগরীর শিক্ষা থানা, জেলা ও অঞ্চল পর্যায়ের নির্বাচন ও প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা-এর নিকট প্রেরণ করতে হবে।

**৫.০ প্রতিযোগিতার গ্রুপ:**

| ক্র. নং | পর্যায় | প্রতিযোগিতার গ্রুপ |
|---|---|---|
| ১. | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি | গ্রুপ-১ |
| ২. | ৯ম থেকে ১০ম শ্রেণি | গ্রুপ-২ |
| ৩. | ১১শ থেকে ১২শ শ্রেণি | গ্রুপ-৩ |
| ৪. | ১৩শ থেকে ১৭শ শ্রেণি | গ্রুপ-৪ |

## ৬.০ নির্বাচন পদ্ধতি:

**৬.১ (ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন (একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে):**

| ক্র: নং | গুণাবলি | নম্বর | মন্তব্য/ নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১. | বিগত বার্ষিক/পাবলিক পরীক্ষার ফলাফল | ২০ | চতুর্থ বিষয় ছাড়া জিপিএ-৫ হলে ২০<br>চতুর্থ বিষয়সহ জিপিএ-৫ হলে ১৮<br>৪ এর বেশি কিন্তু ৫ এর কম হলে ১৬<br>চতুর্থ বিষয় না থাকলে-<br>জিপিএ-৫ হলে ২০<br>৪ এর বেশি কিন্তু ৫ এর কম হলে ১৬ |
| ২. | উপস্থিতির শতকরা হার | ১৫ | শতকরা – প্রাপ্ত মান<br>≥৯৫ – ১৫<br>৯০-<৯৫ – ১২<br>৮৫-<৯০ – ১০<br>৮০-<৮৫ – ০৮<br>৭৫-<৮০ – ০৪<br><৭৫ – ০ |
| ৩. | সঙ্গীত দক্ষতা | ১০ | আন্তর্জাতিক পর্যায়ের পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে। (যে কোন একটি প্রযোজ্য) |
| ৪. | খেলাধুলা/ক্রীড়া দক্ষতা | ১০ | আন্তর্জাতিক পর্যায়ের পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে। (যে কোন একটি প্রযোজ্য) |
| ৫. | ছবি আঁকা দক্ষতা | ১০ | আন্তর্জাতিক পর্যায়ের পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে। (যে কোন একটি প্রযোজ্য) |
| ৬. | সাময়িকী/বার্ষিকী এরূপ কোন প্রকাশনায় লেখার অভিজ্ঞতা | ১০ | নিজের গ্রন্থ প্রকাশনা ১০, জাতীয় পর্যায়ের প্রকাশনা-৬, দেয়ালিকা ও প্রতিষ্ঠানের বার্ষিকীতে লেখা-৫, কেবল বার্ষিকীতে লেখা-৪, কেবল দেয়ালিকায় লেখা-৩। (যে কোন একটি প্রযোজ্য) |
| ৭. | স্কাউট/গার্লস গাইড/বিএনসিসি/রোভার কার্যক্রমে সম্পৃক্ততা | ৫ | যেকোন দল পর্যায়ের সদস্য থাকা-৫ এবং তিন বা ততোধিক কর্মসূচিতে অংশগ্রহনের জন্য-৫, দুটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-৪, একটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ৩, কোন কর্মসূচিতে অংশগ্রহণ না করার ক্ষেত্রে-০। (যে কোন একটি প্রযোজ্য) |
| ৮. | নেতৃত্বদানের ক্ষমতা | ৫ | ক্লাস ক্যাপ্টেন থাকা, বিভিন্ন দলীয় কাজে নেতৃত্বদান, সহপাঠীদের বিভিন্ন প্রয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিতকরণ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। |
| ৯. | সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ | ৫ | প্রতিষ্ঠান আয়োজিত অনুষ্ঠানাদিতে সহযোগিতা করার ক্ষেত্রে স্বতঃস্ফুর্ততা, ত্রাণ, পুর্নবাসন, পরিচ্ছন্নতা কার্যক্রম, সচেতনতামূলক কার্যক্রম ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। |
| ১০. | নৈতিক দৃঢ়তা | ৫ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর নৈতিক গুণাবলি, মূল্যবোধ ইত্যাদি পর্যবেক্ষণ করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন এবং মূল্যায়ন করবেন |
| ১১. | আইসিটি বিষয়ে দক্ষতা | ৫ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর শ্রেণি/স্তর বিবেচনা করে মূল্যায়ন করবেন। |

**মোট নম্বর - ১০০**

**(খ) শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক নির্বাচন :**

<table>
<tr><th>ক্র: নং</th><th>গুণাবলি</th><th>নম্বর</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>১৭</td><td>
<table>
<tr><th>প্রতিষ্ঠান পর্যায়</th><th>সনদ</th><th>ফলাফল</th><th>প্রদেয় নম্বর</th></tr>
<tr><td rowspan="4">স্কুল, কলেজ ও মাদরাসা</td><td rowspan="2">এস এস সি/ সমমান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">এইচ এস সি/সমমান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">কলেজ ও সমপর্যায়ের মাদরাসা</td><td rowspan="2">চার বছর মেয়াদি অনার্স/তিন বছর মেয়াদি অনার্সসহ মাষ্টার্স</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">স্কুল ও সমপর্যায়ের মাদরাসা</td><td rowspan="2">ডিগ্রি (পাস)/ সম্মান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">পেশাগত ডিগ্রি</td><td>বি.এড/এম.এড</td><td></td><td>২</td></tr>
<tr><td>পিএইচ.ডি</td><td></td><td>৫</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০২.</td><td>শিক্ষকতার অভিজ্ঞতা</td><td>১০</td><td>অভিজ্ঞতা ১ থেকে ৫ বছরের মধ্যে হলে ৫ নম্বর, পরবর্তী প্রতি ৪ বছরের জন্য ১ নম্বর করে সর্বাধিক ২৫ বছরের অভিজ্ঞতাকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>০৩.</td><td>বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা</td><td>১০</td><td>বিষয়ভিত্তিক জ্ঞান ভাল মর্মে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ক্ষেত্রমতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির মধ্যে খ্যাতি আছে এবং নিয়মিত শ্রেণি কক্ষে পাঠদানের ক্ষেত্রে আগ্রহী ও স্বাচ্ছন্দবোধ করেন ইত্যাদি বিবেচনায় মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>০৪.</td><td>সৃজনশীল প্রশ্নপত্র তৈরির দক্ষতা</td><td>০৩</td><td>প্রশিক্ষণসহ প্রশ্নপত্র প্রণয়নে দক্ষতা থাকলে-০৩, দক্ষতা না থাকলে-০২।</td></tr>
<tr><td>০৫.</td><td>ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগীতার প্রবণতা</td><td>০৫</td><td>জাতীয় দিবসসমুহ উদযাপনে, শিক্ষা সফরে, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান আয়োজনে, প্রতিষ্ঠানের বার্ষিকী প্রকাশে, বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান এবং অন্যান্য অনুষ্ঠানাদিতে ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে তিনি কিভাবে অংশগ্রহণ করেন তার নিরীখে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>০৬.</td><td>চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম</td><td>০৫</td><td>সংশ্লিষ্ট শিক্ষকের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে।</td></tr>
<tr><td>০৭.</td><td>শৃংখলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা, শ্রেণি কক্ষে পাঠদানে নিয়মানুবর্তিতা</td><td>০৫</td><td>সংশ্লিষ্ট শিক্ষকের শৃংখলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে।</td></tr>
<tr><td>০৮.</td><td>ডিজিটাল কনটেন্ট তৈরী এবং শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়ার ব্যবহার</td><td>১০</td><td>ডিজিটাল কনটেন্ট তৈরী করেন এবং শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়ার ব্যবহার করেন mmc.e-service এ তথ্য প্রদান করেন এবং শিক্ষক বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড ও আপলোড করেন। teachers.gov.bd এর সদস্য হলে -০২, না হলে -০১।</td></tr>
<tr><td>০৯.</td><td>পাঠ্যপুস্তক প্রণয়ন</td><td>১০</td><td>ISBN থাকলে-১০, ISBN না থাকলে-০৮।</td></tr>
<tr><td>১০.</td><td>পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা</td><td>১০</td><td>আর্ন্তজাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা - ৫×২=১০, জাতীয় পত্রিকায় প্রতিটি প্রকাশনা-২ করে অনধিক -১০।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১১. | গুণগত মানের শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তম চর্চার নিদর্শন।কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা | ১০ | প্রতিষ্ঠানে উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, ভিশন ২১ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫। ক্যাম্পাসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২। দক্ষ ও আর্থিক শৃঙ্খলা-৩। |
| ১২. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে তবে। |
| | মোট নম্বর | =১০০ | |

বি: দ্র: প্রতিষ্ঠান প্রধান নিজ প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক মূল্যায়ন করবেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূল্যায়নপত্রে পরিচালনা কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর থাকতে হবে। যাঁদের বিষয়ে কোন অভিযোগ তদন্তাধীন আছে অথবা অভিযুক্ত অথবা কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ অনুসরণ করেন না তাঁদের শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে মনোনয়নের সুযোগ নেই।

**(গ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন :**

<table>
<tr><th>ক্র: নং</th><th>গুণাবলি</th><th>নম্বর</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>১৭</td><td>
<table>
<tr><th>প্রতিষ্ঠান পর্যায়</th><th>সনদ</th><th>ফলাফল</th><th>প্রদেয় নম্বর</th></tr>
<tr><td rowspan="4">স্কুল, কলেজ</td><td rowspan="2">এস এস সি/ সমমান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">এইচ এস সি/সমমান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">কলেজ</td><td>চার বছর মেয়াদি</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>অনার্স/তিন বছর মেয়াদি অনার্সসহ মাষ্টার্স</td><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">স্কুল</td><td rowspan="2">ডিগ্রি (পাস)/ সম্মান</td><td>১ম</td><td>৩</td></tr>
<tr><td>২য়</td><td>২</td></tr>
<tr><td rowspan="2">পেশাগত ডিগ্রি</td><td>বি.এড/এম.এড</td><td></td><td>২</td></tr>
<tr><td>পিএইচ.ডি</td><td></td><td>৫</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০২.</td><td>প্রতিষ্ঠান প্রধান হিসেবে অভিজ্ঞতা</td><td>০৬</td><td>
<table>
<tr><th>বছর</th><th></th><th>প্রাপ্ত মান</th></tr>
<tr><td>≥৬</td><td></td><td>৬</td></tr>
<tr><td>৫-< ৬</td><td></td><td>৫</td></tr>
<tr><td>৪-< ৫</td><td></td><td>৪</td></tr>
<tr><td>১-< ৪</td><td></td><td>৩</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০৩.</td><td>ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর প্রভাব এবং অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার প্রবণতা</td><td>০৫</td><td>দক্ষ ব্যবস্থাপক হিসেবে ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর যথেষ্ট নিয়ন্ত্রণ আছে প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায় তাঁর যথেষ্ট ভূমিকা আছে। অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন।</td></tr>
<tr><td>০৪.</td><td>চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম</td><td>০৫</td><td>সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, সমাজের সদস্যগণ ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ/প্রচলিত ধারণা আছে তার ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>০৫.</td><td>প্রশাসনিক দক্ষতা ও আর্থিক শৃংখলা</td><td>১৫</td><td>প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ, সংশ্লিষ্ট দপ্তর সমুহের সাথে যোগযোগের ক্ষেত্রে দক্ষতা, পাবলিক পরীক্ষায় প্রতিষ্ঠানের ফলাফল, শিক্ষার্থী ব্যবস্থাপনা, আর্থিক শৃংখলা ইত্যাদি বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৬. | মাল্টিমিডিয়া ক্লাসরুম ও Inhouse প্রশিক্ষণের আয়োজন করা | ৬ | www.mmc.e-service.gov.bd এ তথ্য আপলোড করন-০৩। In-house প্রশিক্ষণের আয়োজন করা-০৩। |
| ০৭. | পাঠ্যপুস্তক প্রণয়ন | ১০ | ISBN থাকলে-৬, ISBN না থাকলে-৪, একাডেমিক ক্যালেন্ডার-২, বার্ষিক ম্যাগাজিন (২০১৮)-২। |
| ০৮. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আর্ন্তজাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা -৫×২=১০, জাতীয় পত্রিকায় প্রতিটি প্রকাশনা-২ করে অনধিক -১০। |
| ০৯. | ICT বিষয়ে দক্ষতা | ০৫ | শ্রেনিকক্ষে মাল্টিমিডিয়ার ব্যবহার তত্ত্বাবধান করেন এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শি। |
| ১০. | প্রাত্যহিক সমাবেশ, গ্রন্থাগার ব্যবহার সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস | ০৯ | জাতীয় পতাকা উত্তোলন মঞ্চে প্রতিষ্ঠান প্রধানের অবস্থান সহ ও শিক্ষার্থীদের সমাবেশের মূল্যায়নসহ ছবি-০৩। গ্রন্থাগারে উন্মুক্ত সেলফে বই সহ শিক্ষার্থীদের পাঠরত ছবি-০৩। ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত রাখার জন্য স্থাপিত বিন সহ ক্যাম্পাসের মূল্যায়ন-৩। |
| ১১. | গুণগত মানের শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তম চর্চার নিদর্শন | ০৭ | প্রতিষ্ঠানে গুণগত মানের শিক্ষায় উদ্ভাবনীমুলক উৎকর্ষ সাধন, ভিশন ২১ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫। ক্যাম্পাসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২। |
| ১২. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ০৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে তবে। |
| মোট নম্বর | | =১০০ | |

বি: দ্র:- জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৯ উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে গঠিত কমিটি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন করবেন। কোন প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন থাকলে অথবা কোন অভিযোগে অভিযুক্ত হলে তাকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানের জন্য মনোনীত করা যাবে না।

**(ঘ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন :**

| ক্র: নং | গুণাবলি | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ফলাফল | ২০ | প্রতি বছরের জন্য নিম্নের ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের ফলাফলের সমষ্টির মাধ্যমে বরাদ্দকৃত ২০ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে। |
| ২. | পাশ করা ছাত্র/ছাত্রী সংখ্যা | ১০ | প্রতি বছরের জন্য নিম্নের ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের পাশ করা ছাত্র/ছাত্রীর সংখ্যার ভিত্তিতে বরাদ্দকৃত ১০ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে। |

| পাসের শতকরা হার | প্রাপ্ত মান |
|---|---|
| ১০০ | ১০ |
| ৯০- <১০০ | ৯ |
| ৮০- <৯০ | ৮ |
| ৭০- <৮০ | ৬ |
| ৬০- <৭০ | ৫ |
| ৫০- <৬০ | ৩ |
| <৫০ | ০ |

| বিদ্যালয়ের ক্ষেত্রে | | মহাবিদ্যালয়ের ক্ষেত্রে | |
|---|---|---|---|
| সংখ্যা | নম্বর | সংখ্যা | নম্বর |
| >৬০ | ৫ | >১৫০ | ৫ |
| ৩০- >৬০ | ৩ | ৯০-১৫০ | ৩ |
| >৩০ | ১ | <৯০ | ১ |

<table>
<tr><td>৩.</td><td>প্রতিষ্ঠানের মোট শিক্ষার্থীর সংখ্যা</td><td>৫</td><td>
<table>
<tr><th colspan="2">বিদ্যালয়ের ক্ষেত্রে</th><th colspan="2">মহাবিদ্যালয়ের ক্ষেত্রে</th></tr>
<tr><td>সংখ্যা</td><td>নম্বর</td><td>সংখ্যা</td><td>নম্বর</td></tr>
<tr><td>>৩০০</td><td>৫</td><td>>৩৫০</td><td>৫</td></tr>
<tr><td>২০০-৩০০</td><td>৩</td><td>২৫০-৩৫০</td><td>৩</td></tr>
<tr><td><২০০</td><td>১</td><td><২৫০</td><td>১</td></tr>
</table>
</td></tr>
</table>

<table>
<tr><td>৪.</td><td>শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত</td><td>৫</td><td>
<table>
<tr><th colspan="2">বিদ্যালয়ের ক্ষেত্রে</th><th colspan="2">মহাবিদ্যালয়ের ক্ষেত্রে</th></tr>
<tr><td>সংখ্যা</td><td>নম্বর</td><td>সংখ্যা</td><td>নম্বর</td></tr>
<tr><td>১:৪০</td><td>৫</td><td>১:৬০</td><td>৫</td></tr>
<tr><td>১:৬০</td><td>৩</td><td>১:১৫০</td><td>৩</td></tr>
<tr><td>অন্যান্য</td><td>১</td><td>অন্যান্য</td><td>১</td></tr>
</table>
</td></tr>
</table>

<table>
<tr><td>৫.</td><td>কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতার মানের গড়</td><td>১৫</td><td>শতকরা কতজন শিক্ষকের (কর্মরত শিক্ষকগণের মধ্যে) প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতার অতিরিক্ত যোগ্যতা আছে (বি,এড/এম,এড/এম,ফিল/পিএইচ,ডি/অন্যান্য) তার ভিত্তিতে
<table>
<tr><th>শতকরা</th><th>প্রাপ্ত মান</th></tr>
<tr><td>২০</td><td>১৫</td></tr>
<tr><td>১৫< ২০</td><td>১২</td></tr>
<tr><td>১০<১৫</td><td>৯</td></tr>
<tr><td>৫<১০</td><td>৬</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৬.</td><td>ভৌত অবকাঠামোগত সুবিধা</td><td>৫</td><td>পর্যাপ্ত অবকাঠামো থাকা এবং বিদ্যমান অবকাঠামোর মান এর আলোকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>৭.</td><td>প্রশাসনিক ও আর্থিক শৃংখলা</td><td>৫</td><td>বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি আছে কিনা, বাজেট কমিটি কর্তৃক আর্থিক বিষয়গুলো অনুমোদন হয় কিনা, ইত্যাদির ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন অডিট আপত্তি আছে কিনা তার ভিত্তিতে নম্বর দিতে হবে।</td></tr>
<tr><td>৮.</td><td>এ্যাসেম্বলী ও জাতীয় দিবসসমূহ উদযাপন</td><td>৫</td><td>জাতীয় দিবসসমূহ নিয়মিত যথাযথ মর্যাদায় গুরুত্ব সহকারে পালন করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>৯.</td><td>প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণের জন্য সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা</td><td>৫</td><td>প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য আলাদা টয়লেট এবং প্রযোজ্য ক্ষেত্রে ছাত্র ও ছাত্রীগণের জন্য আলাদা টয়লেট সুবিধা এবং সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১০.</td><td>গ্রন্থাগার, বিজ্ঞানাগার</td><td>৫</td><td>স্বতন্ত্র গ্রন্থাগার থাকা এবং গ্রন্থাগারের বইয়ের সংখ্যা ও শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারের মাত্রা বিবেচনায় মূল্যায়ন করতে হবে। বিজ্ঞানাগার থাকা, বিজ্ঞানাগারের ব্যবহারিক যন্ত্রপাতির পরিমাণ এবং শিক্ষার্থীগণের জন্য বিজ্ঞানাগার ব্যবহারের সুযোগ সুবিধা বিবেচনা করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১১.</td><td>পঠন পাঠনের নিয়মানুবর্তিতা, খেলাধুলা ও সহপাঠক্রম ব্যবস্থা</td><td>৫</td><td>শ্রেণি কার্যক্রম নিয়মিত হওয়ার বিষয়ে শিক্ষার্থী, অভিভাবকগণের মধ্যে সুনাম, বাৎসরিক পাঠ পরিকল্পনা ও ক্লাস রুটিনের মধ্যে সামঞ্জস্যতা ইত্যাদির ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১২.</td><td>শিক্ষার পরিবেশ</td><td>৫</td><td>সুপরিসর ও মানসম্মত শ্রেণিকক্ষ, খেলার মাঠ, প্রাকৃতিক পরিবেশ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৩. | মাল্টিমিডিয়া ক্লাসরুম/ আইসিটি/কম্পিউটার ল্যাব | ৫ | মাল্টিমিডিয়া ক্লাসরুম থাকা ও এর ব্যবহার এবং www.mmc.e-service.gov.bd এ তথ্য আপলোড এবংআইসিটি/কম্পিউটার ল্যাব থাকা এবং এর ব্যবহারের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ১৪. | প্রতিষ্ঠানে স্কাউট/গার্লস গাইড/ রোভার/ বি.এন.সি.সি/যুব রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকা। | ৫ | প্রতিষ্ঠানে স্কাউট/গার্লস গাইড/রোভার/বি.এন.সি.সি/যুব রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |

**মোট নম্বর-১০০**

**(ঙ) শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্ল গাইড, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বি.এন.সি.সি নির্বাচনঃ**

| ক্র: নং | গুণাবলি | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | স্কাউট/ গার্ল গাইড/রোভার/ বি.এন.সি.সি হিসাবে কাজের অভিজ্ঞতার জন্য | ১০ | ২ বছর ৫ নম্বর<br>৩ বছর ৭ নম্বর<br>৫ বছর ১০ নম্বর |
| ২. | নৈপূন্যসূচক ব্যাজ | ১০ | প্রতি ব্যাজ ২ নম্বর করে সর্বোচ্চ ১০ |
| ৩. | প্রেসিডেন্টস এ্যাওয়ার্ড প্রাপ্ত হলে | ১০ | |
| ৪. | ডেক্যাম্প, জেলা ক্যাম্প, বিভাগীয় ক্যাম্প ও জাতীয় ক্যাম্পে অংশগ্রহণের জন্য | ১০ | প্রতি ক্যাম্প ১ নম্বর করে সর্বোচ্চ ১০ |
| ৫. | অন্যান্য গুণাবলি (নাচ, গান, খেলাধূলা, সাহিত্য) | ৫ | প্রতি গুণাবলির জন্য ১ নম্বর |
| ৬. | উন্নয়নমূলক কর্মসূচীতে অংশগ্রহণ | ৫ | প্রতি কর্মসূচির জন্য ২ নম্বর |

মোট নম্বর- ৫০

**(চ) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইড গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন**

| ক্র: নং | গুণাবলি | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | দলটির বয়স | ১০ | ২ বছর ৫ নম্বর, ৩ বছর ৭ নম্বর, ৫ বছর ১০ নম্বর |
| ২. | বিগত বছরে বাস্তবায়িত কার্যক্রম মূল্যায়ন | ১০ | |
| ৩. | বিভিন্ন জাতীয় দিবসে দলের অংশ গ্রহণ | ৫ | প্রতি দিবসে ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৪. | প্রকল্প পরিচালনার জন্য | ৫ | প্রতি প্রকল্প পরিচালনার জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৫ |
| ৫. | জাতীয় পর্যায়ের কর্মসূচিতে অংশ গ্রহণ | ১০ | |
| ৬. | আন্তর্জাতিক পর্যায়ে দলের অংশ গ্রহণ | ১০ | |

মোট নম্বর- ৫০

(ছ) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইড শিক্ষক, শ্রেষ্ঠ রোভার শিক্ষক, শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক নির্বাচন :

| ক্র: নং | গুণাবলি | নম্বর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | স্কাউট/ গার্ল গাইড/রোভার/ বি.এন.সি.সি শিক্ষক হিসাবে অভিজ্ঞতার | ১০ | ২ বছর ৫ নম্বর, ৩ বছর ৭ নম্বর, ৫ বছর ১০ নম্বর |
| ২. | ক্যাম্প পরিচালনার জন্য (এক বছর) | ৮ | প্রতি পরিচালনার জন্য ১ নম্বর |
| ৩. | উন্নয়নমূলক কর্মসূচীতে অংশ গ্রহণ | ৮. | প্রতি কার্যক্রমের জন্য ১ নম্বর |
| ৪. | প্রকল্প কার্যক্রমের জন (এক বছর) | ৫ | প্রতি প্রকল্প ২ নম্বর করে সর্বোচ্চ ৫ |
| ৫. | প্রশিক্ষণের পর্যায় সমূহ | ৮ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর |
| ৬. | দেশের বাইরে অংশ গ্রহণ | ৫ | |
| ৭. | কন্টেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ৩ | |
| ৮. | সৃজনশীল প্রশ্নপত্র তৈরী | ৩ | |

**মোট নম্বর- ৫০**

**(জ) শ্রেষ্ঠ জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নির্বাচন :**

(১) জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নির্বাচনের ক্ষেত্রে প্রতিযোগিতায় অংশগ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। (পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত)

(২) বাছাই কমিটির মাধ্যমে জেলা শিক্ষা অফিসার (সদস্য সচিব জেলা বাছাই কমিটি) ০১ (এক) জন করে শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বাছাইয়ের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট ছক পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদীসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন।

(৩) আঞ্চলিক পরিচালক জেলা শিক্ষা অফিসারগনের মধ্য থেকে (সদস্য সচিব আঞ্চলিক বাছাই কমিটি) প্রত্যেক অঞ্চলের আওতাধীন জেলা সমূহ থেকে ০১ (এক) জন করে শ্রেষ্ঠ জেলা শিক্ষা অফিসার বাছাই করবেন প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট ছক পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ তা মহাপরিচালক, মাউশি বরাবর প্রেরণ করবেন।

৭.০ **প্রতিযোগিতা সম্পর্কিত বিস্তারিত তথ্য:**

৭.১ (ক) প্রতিষ্ঠান পর্যায় : প্রতিষ্ঠান পর্যায়ে উক্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থী, সকল শিক্ষকের মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করবেন এবং ঐ শিক্ষকের জীবন বৃত্তান্ত নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রতিষ্ঠান কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে নির্বাচিত শিক্ষককে কমিটি আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ করবেন। তাছাড়া উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

**(খ) উপজেলা পর্যায় :**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদরাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৩.১ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৫৬টি |
| ৬. | ৩.২ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

**(গ) জেলা পর্যায় :**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদরাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৩.১ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৫৬টি |
| ৬. | ৩.২ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

(ঘ) **বিভাগীয় পর্যায় :**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদরাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৩.১ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৫৬টি |
| ৬. | ৩.২ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

(ঙ) **ঢাকা মহানগরী :**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদরাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৩.১ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৫৬টি |
| ৬. | ৩.২ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

(চ) **জাতীয় পর্যায় :**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদরাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৩.১ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৫৬টি |
| ৬. | ৩.২ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

৭.২ জাতীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে ১ম স্থান অর্জনকারীদের বিদেশে শিক্ষা সফরে পাঠানো হবে।

## ৮.০ কমিটিসমূহ:

**ক. জাতীয় কমিটি :**

১. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়- প্রধান উপদেষ্টা
২. মাননীয় প্রতমন্ত্রী/উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় -উপদেষ্টা
৩. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- আহবায়ক
৪. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ-সদস্য
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ _সদস্য
৭. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ -সদস্য
৮. অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ -সদস্য
১০. অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
১১. অতিরিক্ত সচিব (মাদরাসা), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ -সদস্য
১২. অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
১৩. বিভাগীয় কমিশনার, ঢাকা- সদস্য
১৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর-সদস্য
১৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-সদস্য
১৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
১৭. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
১৯. পরিচালক, (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সদস্য
২০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-**সদস্য সচিব**

**খ. জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা উপকমিটি :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ - আহবায়ক
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা - সদস্য
৩. যুগ্মসচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- সদস্য
৪. যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ- সদস্য
৫. পরিচালক (প্রশিক্ষণ),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সদস্য
৬. উপসচিব (সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৭. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
৯. উপপরিচালক (শারিরীক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর- সদস্য
১০. উপপরিচালক (একিউএইউ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সদস্য
১১. যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ সফলভাবে সম্পাদনের লক্ষ্যে সকল উপকমিটির সাথে সমন্বয়সাধন করে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
২. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে;
৩. এ উপকমিটি অনুষ্ঠান পরিচালনার একটি বাজেট প্রণয়ন করে তা তা বাজেট উপকমিটির নিকট দাখিল করবে; এবং
৪. প্রয়োজন অনুসারে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

গ. **বাজেট ও ক্রয় উপকমিটি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -আহবায়ক
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সদস্য
৩. পরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-সদস্য
৪. উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৫. সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য সচিব

**কর্মপরিধি:**

১. এ কমিটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত ব্যয় বিভাজন পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করবে;
২. অর্থ অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবে;
৩. অনুমোদিত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে এবং সকল ব্যয় সরকারের বিধিবিধান অনুসরণ করা হচ্ছে কি-না, তা দেখাশুনা করবে;
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে যথাসময়ে সমস্ত ব্যয়ের সমন্বিত হিসাব সংগ্রহ করবে; এবং
৫. প্রয়োজন অনুসারে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে;

ঘ. **ঢাকা মহানগর কমিটি :**

১) বিভাগীয় কমিশনার- আহবায়ক
২) অধ্যক্ষ, সরকারি বাংলা কলেজ- সদস্য
৩) অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ঢাকা- সদস্য
৪) অধ্যক্ষ, আজিমপুর গভ: গার্লস স্কুল অ্যান্ড কলেজ, আজিমপুর, ঢাকা-সদস্য
৫) অধ্যক্ষ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা-সদস্য
৬) উপপরিচালক(সেসিপ) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
৭) উপপরিচালক(মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
৮) প্রধান শিক্ষক, গভ: ল্যাবরেটরি হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা- সদস্য
৯) প্রধান শিক্ষক, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা-সদস্য
১০) পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ ঢাকা মহানগর পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;
৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে;

ঙ. **আঞ্চলিক কমিটি :**

১) বিভাগীয় কমিশনার- আহবায়ক
২) সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর ( সহকারী অধ্যাপক মর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৩) সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর ( সহকারী অধ্যাপক মর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৪) সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য
৫) সংশ্লিষ্ট অঞ্চলের জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)
৬) সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক-সদস্য
৭) উপপরিচালক(মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
৮) উপপরিচালক(সেসিপ) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
৯) পরিচালক সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ আঞ্চলিক পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে;

চ. **জেলা কমিটি :**

১) জেলা প্রশাসক- আহবায়ক

২) সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর (সহকারী অধ্যাপক মর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য

৩) সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর (সহকারী অধ্যাপক মর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য

৪) সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য

৫) সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক-সদস্য

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা-সদস্য

৭) জেলা শিক্ষা কর্মকর্তা- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ জেলা পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে।

ছ. **উপজেলা কমিটি :**

১) উপজেলা নির্বাহী অফিসার- আহবায়ক

২) সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য

৩) সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য

৪) সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য

৫) সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক--সদস্য

৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে।

জ. **মহানগর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) থানা শিক্ষা কমিটি:**

১) আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) - আহবায়ক

২) মহানগরের থানার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য

৩) মহানগরের থানার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য

৪) মহানগরের থানার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- (সরকারি মাধ্যমিক বিদ্যালয় না থাকলে মডেল স্কুল)- সদস্য

৫) মহানগরের থানার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক -সদস্য

৬) থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ ০৪টি মহানগর পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে;

ঝ. **প্রচার ও প্রকাশনা কমিটি:**

১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়- আহবায়ক
২) উপসচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৩) উপসচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য
৪) জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়-সদস্য
৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- সদস্য
৬) সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - সদস্য
৭) উপপরিচালক (গবেষণা ও তথ্যায়ন), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ সফলভাবে সম্পাদনের লক্ষ্যে প্রচারণার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২. জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্মরণিকা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে:

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজনের বিষয়ে অবহিত করবে।

৯.০ **অগ্রীম উত্তোলন-** উপজেলা/মহানগর থানা কমিটি, ঢাকা মহানগর কমিটি, জেলা কমিটি, বিভাগীয় কমিটি, জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা উপকমিটি এবং জাতীয় কমিটির সদস্য সচিব আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। কর্মসূচি পরিচালনার জন্য বর্ণিত কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় অর্থ বাজেট বিভাজন অনুযায়ী খাতওয়ারী অগ্রীম উত্তোলন করতে পারবেন এবং চলতি আর্থিক বছরের মধ্যেই ব্যয়ের হিসাব মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে এবং মহাপরিচালক, মা.উ.শি অধিদপ্তর, তা সমন্বিত আকারে অনতিবিলম্বে সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

১০.০ শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন অনুবিভাগ থেকে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা শিক্ষা মন্ত্রণালয়সহ এর অধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার ওয়েবসাইটে এবং শিক্ষা মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

১১.০ প্রয়োজনবোধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালা সংশোধন/পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করে।

সোহরাব ০৮.০৩.২০১৭

(মো: সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।